



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-২১৯/১৬০

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯  
০৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মহিউদ্দিন এর স্বপদে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র: ১. নং-নুইমা/শি:অপসারণ/১০৮/১৯; তারিখ: ১৯/০৫/২০১৯;  
২. জনাব মহিউদ্দিন (সাময়িক বরখাস্তকৃত) এর ৩০/০৯/২০২১ তারিখের আবেদন;  
৩. নং-বামাশিবো/প্রশাসন/৩৯/৪/চট্টগ্রাম-২১৯; তারিখ: ২৩ নভেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলাধীন নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মহিউদ্দিন-কে সরকারী বিধি অমান্য করে কোচিং বানিজ্য পরিচালনা, একজন ছাত্রকে অতিরিক্ত বেত্রঘাত করিয়া শারীরিক নির্যাতন, ছাত্রীকে যৌন হয়রানি এবং ভয়-ভীতি প্রদর্শনের অভিযোগে সূত্রোক্ত ১ স্মারকে সাময়িক বরখাস্ত করা হয়।

সহকারী শিক্ষক জনাব মহিউদ্দিন (সাময়িক বরখাস্তকৃত) তাঁকে বিধিবিহীনভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে সূত্রোক্ত ২ নং স্মারকে অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সভাপতি, অধ্যক্ষ ও সাময়িক বরখাস্তকৃত শিক্ষক-কে স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ শুনানীতে অংশগ্রহণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত শুনানীতে সভাপতি ও অধ্যক্ষ স্ব-শরীরে উপস্থিত হয়ে জনাব মহিউদ্দিন-কে সাময়িক বরখাস্তকরণ বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন কিন্তু অভিযোগকারী জনাব মহিউদ্দিন শুনানীতে অনুপস্থিত ছিলেন। দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মহিউদ্দিন-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ বেসরকারী মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি ১৪ (২) অনুসারে তদন্ত না হওয়ায় বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি মোতাবেক না হওয়ায় জনাব মহিউদ্দিন পত্র জারির পর থেকে স্ব পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

০৫/০৯/২২

১. সভাপতি (পরিচালনা কমিটি)  
নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সীতাকুন্ড, চট্টগ্রাম;
২. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ  
নুরিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সীতাকুন্ড, চট্টগ্রাম;

নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-২১৯/১৬০(৬)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯  
০৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড, চট্টগ্রাম;
৪. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সীতাকুন্ড, চট্টগ্রাম;
৬. জনাব মহিউদ্দিন (সহকারী শিক্ষক), পিতা: হোসেনের জামান, গ্রাম: মান্দারি টোলা, ডাক: বাড়বকুন্ড, সীতাকুন্ড, চট্টগ্রাম;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

০৫/০৯/২২